মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,সদর,ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৮৫০,০২৯৯৬৬৬৩৩৩৩,E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/২২১ তারিখঃ ৩০/১০/২০২৬ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৬- এর ফলাফল পুন:নিরীক্ষণসহ উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন করার নিয়মাবলি

আবেদন করার তারিখ: ০১/১১/২০২৬ খ্রি. থেকে ০৭/১১/২০২৬ খ্রি. পর্যন্ত

- https://rescrutiny.educationboardresults.gov.bd- এ গিয়ে নির্ধারিত স্থানে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।
- এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে এসএমএস পাঠানো হবে।
- পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয় ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাদিক বিষয়ে ফলাফল পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের জন্য বিষয়সমূহ নির্বাচন করে 'ফি প্রদান করুন' বাটনে ক্লিক করতে হবে।
- প্রতিটি পত্রের জন্য ১৫০/-(একশত পঁঞ্চাশ মাত্র) টাকা হারে ফি প্রযোজ্য হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে।
- পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি- এর পরিমাণ দেখা যাবে। বিকাশ, নগদ, DBBL রকেট,উপায় ও সোনালী সেবা এর মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরোল্লিখিত পোর্টালের "হেল্প" বাটনে ক্লিক করে দেখে নেওয়া যাবে।
- ফি পরিশোধ করে আবেদনের পোর্টালে এসে "জমা দিন" বাটনে ক্লিক করতে হবে।
- উল্লেখ্য যে, ফি প্রদান করে একবার আবেদন জমা দেওয়ার পরে আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। তবে এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেওয়ার প্রয়োজন হবে না।
- এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে "মুছে ফেলুন" বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনও ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দিলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবে না এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেয়া যাবে না।
- Manually কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩০/১০/২০২৬

প্রফেসর মোঃ শাহাদত উল্লাহ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ
ফোন:০২-৯৯৭৭১০৪৪২
E-mail:conbisemym@gmail.com

30.10.26